DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 05:22 PM

আন্তর্জাতিক

লিবিয়া উপকূলে নৌকা ডুবে ৫০ অভিবাসন প্রত্যাশী নিখোঁজ

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



অভিবাসনপ্রত্যাশীদের বহনকারী একটি কাঠের নৌকা ভূমধ্যসাগরের লিবিয়া উপকূলে ডুবে অন্তত ৫০ জন নিখোঁজ হয়েছেন। ওই নৌকায় ৬০ অভিবাসী প্রত্যাশী ছিলেন। গত মঙ্গলবার পূর্ব লিবিয়ার উপকূলীয় শহর তোব্রুকের কাছে এ দুর্ঘটনা ঘটে।

বুধবার (১৫ জুলাই) এএফপি নিউজের এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, পূর্ব লিবিয়া কোস্ট গার্ডের কর্মকর্তারা জানিয়েছেন, মঙ্গলবার রাতে তোব্রুক থেকে ইতালির উদ্দেশে রওনা হয়েছিল ইঞ্জিনচালিত ওই নৌকাটি। কিন্তু কিছুদূর যাওয়ার পরই নৌকাটি ডুবে যায়। বেশিরভাগ যাত্রী সাগরের স্রোতে ভেসে যান। মাত্র ১০ জন সাঁতরে কাছের বারদা দ্বীপে পৌঁছাতে সক্ষম হন। পরে কোস্ট গার্ড তাদের উদ্ধার করে।

সাম্প্রতিক সময়ে লিবিয়ার উপকূল থেকে ইউরোপগামী নৌকাডুবির ঘটনা বেড়েই চলেছে। এটি তারই সর্বশেষ উদাহরণ। গত মাসেই একই এলাকায় আরেকটি নৌকা ডুবে ৫১ জন নিখোঁজ হয়েছিলেন।

প্রায় এক দশক ধরে ভূমধ্যসাগর পাড়ি দিয়ে ইউরোপে যাওয়ার প্রবণতা ব্যাপকভাবে বেড়েছে। ফলে লিবিয়ার উপকূল হয়ে উঠেছে অনিয়মিত অভিবাসন ও মানবপাচারকারীদের অন্যতম প্রধান ঘাঁটি।

জাতিসংঘের আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম) জানিয়েছে, চলতি বছরের ১ জানুয়ারি থেকে ১৬ মে পর্যন্ত লিবিয়ার উপকূলে অন্তত ৮০০ জনের বেশি অভিবাসনপ্রত্যাশী নিখোঁজ হয়েছেন। নিখোঁজ ব্যক্তিরা মূলত দক্ষিণ এশিয়া, মধ্যপ্রাচ্য ও উত্তর আফ্রিকার দারিদ্র্যপীড়িত দেশগুলোর নাগরিক।

এ বিভাগের আরও খবর





হরমুজ প্রণালিতে মার্কিন এমকিউ-৯ রিপার ড্রোন ভূপাতিতের দাবি ইরানের
পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিতে যুক্তরাষ্ট্রের অত্যাধুনিক এমকিউ-৯ রিপার ড্রোন ভূপাতিত করার দাবি করেছে ইরান। দেশটির সেনাবাহ...



সৌদি ভূখণ্ডের কিছু অংশ হুথিদের দখলে, দাবি টাকার কার্লসনের
ইয়েমেনের হুথি বিদ্রোহীরা সৌদি আরবের কিছু এলাকা দখলে রেখেছে বলে দাবি করেছেন মার্কিন রক্ষণশীল পডকাস্টার টাকার কার্লসন। তাঁর অভিযোগ, সৌদি ভূখণ্...



বাব আল-মান্দেবের পর এবার এডেনের পথে হুতিরা, অবরুদ্ধ হওয়ার শঙ্কা
ইয়েমেনের গুরুত্বপূর্ণ সমুদ্রপথ বাব আল-মান্দেব প্রণালি ও লোহিত সাগরের উপকূলীয় এলাকায় প্রভাব বিস্তারের পর এবার দক্ষিণাঞ্চলীয় গুরুত্বপূর্ণ শহর...



মক্কা ও মদিনা লক্ষ্য করে তিনটি ড্রোন হামলা, প্রতিহতের দাবি সৌদি জোটের

সৌদি আরবের পবিত্র নগরী মক্কা ও মদিনা অঞ্চল লক্ষ্য করে ড্রোন হামলার চেষ্টা চালানো হয়েছে। তবে আকাশেই তিনটি ড্রোন ধ্বংস করার দাবি করেছে সৌদি আর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/libiya-upkule-nouka-dube-50-obhibasn-prtjashi-nikhonj